

বাংলা (আবশ্যিক)

দ্বিতীয় পত্র

বিষয় কোডঃ

1	0	2
---	---	---

সময়-৩ ঘন্টা

পূর্ণমান-১০০

[দ্রষ্টব্যঃ- ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।

(‘রক্তাক্ত প্রান্তর’ ও ‘জমিদার দর্পণ’ নাটক দুটির যে কোন একটি থেকে সব প্রশ্নের উত্তর দিতে হবে।)

১. (ক) ট্রাজেডি বলতে কী বোঝ? ট্রাজেডি হিসেবে ‘রক্তাক্ত প্রান্তর’ নাটকের সাফল্য নিরূপণ কর।

অথবা, (খ) “‘রক্তাক্ত প্রান্তর’ নাটকের পুরুষ চরিত্রাপেক্ষা নারী চরিত্র ‘অধিক উজ্জ্বল।’- আলোচনা কর।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫

(ক) “তুমি নরাধম। আশ্রমের শিক্ষা তোমার জন্য বার্থ।”- কে, কাকে, কোন প্রসঙ্গে বলেছে?

অথবা, (খ) “আজ তুমি আমায় ঠকাতে পারবে না।”- কে, কাকে, কখন বলেছিল?

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: ৫

(ক) আমি পরীক্ষা করতে আসিনি, গ্রহণ করতে এসেছি।

অথবা, (খ) যতো বড় ক্ষতি ততো বড় লাভ- এইতো জগতের নিয়ম।

জমিদার দর্পণ

১. (ক) ‘জমিদার দর্পণ’ নাটকে সমকালীন সমাজের যে চিত্র পাওয়া যায়, তার পরিচয় দাও।

অথবা, (খ) ‘জমিদার দর্পণ’ নাটক অবলম্বনে আবু মোল্লার চরিত্রটি আলোচনা কর।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫

(ক) আমিরন কে? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা, (খ) ‘এরা টাকার লোভে দিনকে রাত করে, রাতকে দিন করে।’- কে, কাকে, কখন বলেছে?

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: ৫

(ক) যে স্বয়ং খুনী সেই আজ মুক্ত, আর যে সর্বহারা সেই আসামী।

অথবা, (খ) নসীবের লিখন তুমি কি খডাতে পার।

৪. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) স্বদেশপ্রেম; (খ) সাম্প্রদায়িক সম্প্রীতি; (গ) তোমার প্রিয় ব্যক্তিত্ব; (ঘ) বাংলাদেশের পোশাক শিল্প; (ঙ) তথ্য-প্রযুক্তি ও বাংলাদেশ।

৫. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

৬×৫=৩০

(ক) অর্থগতভাবে শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর।
(খ) বাক্য কাকে বলে? গঠনগতভাবে বাক্যের শ্রেণিবিভাগ করে সংজ্ঞাসহ উদাহরণ দাও।

(গ) যে কোনো তিনটি শব্দের দু'টি করে সমার্থক শব্দ লেখ:

সূর্য, রাত্রি, পাখি, আনন্দ, বাতাস।

(ঘ) যে কোনো ছয়টি শব্দের বিপরীত শব্দ লেখ:

প্রলয়, নিরক্ষর, নৈসর্গিক, ঝঞ্জু, গুপ্ত, বিরক্ত, আর্দ্র, গৃহী, অবচীন।

(ঙ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো ছয়টি):

সংবাদপত্র, দেহলতা, আরক্তিম, শীতাতপ, মহাত্মা, তেভাগা, লোকভয়, দুতগ্রামী, রাতকানা।

(চ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যে কোনো ছয়টি):

মিঠাই, ফেরত, নাটুকে, নেতা, মানব, মেধাবী, পার্থিব, মুক্তি, ফুলেল।

(ছ) যে কোনো ছয়টি শব্দের বাংলা পরিভাষা লেখ:

Census, Lease, Surplus, Initial, Pay order, Gratuity, Audio, Mineral, Duel.

(জ) যে কোনো ছয়টি শব্দের শুদ্ধ বানান লেখ:

ঐক্যতান, মুমূর্ষ, শান্তনা, ইতিপূর্বে, সামীগৃহ, ঐক্যমত, বাল্লিকি, নুন্যতম, মনোকষ্ট।

৬. (ক) কোনো বেসরকারি উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে চাকরির জন্য একটি দরখাস্ত লেখ।

অথবা, (খ) তোমার কলেজে অনুষ্ঠিতব্য নজরুল জন্ম-জয়ন্তী উপলক্ষে একখানি আমন্ত্রণপত্র রচনা কর।

৭. (ক) “দুনীতি প্রতিরোধে প্রয়োজন মূল্যবোধের পরিবর্তন”- শীর্ষক সেমিনারের উদ্দেশ্যে একখানি মঞ্চ ভাষণ প্রস্তুত কর।

অথবা, (খ) শিশুশ্রম বন্ধের আবশ্যিকতা তুলে ধরে একটি প্রতিবেদন রচনা কর।

৮. ভাবসম্প্রসারণ কর:

১০

(ক) সততাই উৎকৃষ্ট পন্থা।

অথবা, (খ) সবার উপরে মানুষ সত্য

তাহার উপরে নাই।